

ক্রমিক নং	কারাগারের নাম	বাস্তবায়িত ইনোভেশন	নতুন আইডিয়া	মন্তব্য
১	২	৩	৪	৫
১	মাগুরা জেলা কারাগার	<p>কারাগারে আগত দর্শনার্থীদের সাক্ষাত প্রক্রিয়া সহজ করতে এবং দর্শনার্থীদের সময় ও যাতায়াত খরচ বাঁচাতে কারাগারে একটি নির্দিষ্ট মোবাইল নাম্বারে হট লাইন নাম্বার চালু করা হয়েছে। হট লাইন নাম্বারে দর্শনার্থীরা ফোন করে পূর্ব হতেই বন্দী কারাগারে আটক আছে কিনা বা ঐ দিনের জন্য তাকে পাওয়া যাবে কিনা (অনেক সময় বন্দির কোর্টে গমন, রিমান্ড ইত্যাদি কারণে বন্দি কারাগারে অনুপস্থিত থাকতে পারে) তা জেনে নিতে পারেন। এবং তার প্রত্যাশিত বন্দির সাথে উক্ত নাম্বারে SMS করে সাক্ষাত এর সম্ভাব্য সময় জেনে নিতে পারেন। পাশাপাশি একটি অফিসিয়াল ই-মেইল ঠিকানা খোলা হয়েছে উক্ত ই-মেইলে দর্শনার্থীরা তাদের সাক্ষাৎ করার জন্য প্রত্যাশিত সময় উল্লেখ করে ই-মেইল করলে ফিরতি মেইলে জানিয়ে দেওয়া হয় তার সম্ভাব্য সাক্ষাৎ এর সময়। ফলে দর্শনার্থীকে কোন কারণে সাক্ষাৎ না পেয়ে ফিরে যেতে হয় না বা সাক্ষাৎ এর জন্য দীর্ঘক্ষন অপেক্ষা করতে হয় না। অনেক সময় বন্দির অসুস্থতার মিথ্যা সংবাদ দিতে প্রতারক চক্র বন্দির আত্মীয়স্বজনের কাছ থেকে টাকা পয়সা হাতিয়ে নেয়ার চেষ্টা করে। কিন্তু বন্দির আত্মীয় স্বজন প্রত্যয়িত না হয়ে হট লাইনে যোগাযোগ পূর্বক বন্দির সঠিক তথ্য জেনে নিতে পারেন।</p>	<p>কোভিড-১৯ মহামারীকালে বন্দিদের সর্বোচ্চ স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি বিবেচনা করে মন্ত্রণালয় এবং অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক বর্তমানে সব ধরনের দেখা সাক্ষাৎ বন্ধ থাকায় বন্দিদের মধ্যে এক ধরনের মানসিক অস্থিরতা লক্ষ্য করা যাচ্ছে। দেখা সাক্ষাৎ বন্ধ হওয়ার কারণে চালু হওয়া টেলিফোনে ভয়েস কল সুবিধা ও বন্দিদের মানসিক অস্থিরতা প্রশমনে পরিপূর্ণ সফল বলে প্রতীয়মান হচ্ছেনা। বন্দির সাথে কথোপকথনে তাদের আত্মীয় পরিজনের সাথে দৃশ্যমান সাক্ষাতের একটি অনুমোদিত ডিভাইসের সাহায্যে ভিডিও কলের মাধ্যমে দৃশ্যমান সাক্ষাৎ চালু করতে সক্ষম হলে তাদের মানসিক অস্থিরতা অনেকটাই নিরসন সম্ভব হতে পারে।</p>	



রীতেশ চাকমা

বিজে ০২৭১৯৯০২২১

জেলার

পক্ষে-জেল সুপার

জেলা কারাগার মাগুরা।

ফোন/ফ্যাক্স-০২৭১৯৯০২২১

